যুগান্তর

তারিখ .. JUL 21 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ .....

# চট্টগ্রামে সেরা কলেজগুলোতে ভর্তি ফরম সংগ্রহে প্রচণ্ড ভিড়

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে পছন্দের সেরা কলেজগুলোতে এইচএসসিতে ভর্তিচ্ছুদের উপচেপড়া ভিড় কিছুতেই কমছে না। পরিস্থিতি সামাল দিতে কলেজ কর্তৃপক্ষকে হিমশিম খেতে হচ্ছে। এবার পাসের হার বেশি হওয়ায় রেকর্ডসংখ্যক ফরম বিক্রি হয়েছে। জিপিএ-৫ প্রাপ্তদের এবার করুণ দশা। এদের অনেকের নগরীর কোন কলেজেই পড়ার সুযোগ নাও হতে পারে। পাসের পর যে স্বপ্ন চোখের কোণে ঝিলিক দিয়ে ওঠেছিল, তা কঠিন বাস্তবতার যাঁতাকলে পিষ্ট হওয়ার উপক্রম। নগরী ও নগরীর বাইরের অখ্যাত ও মাঝারিমানের কলেজ থেকেও জিপিএ-৫, এ, এ মাইনাস প্রাপ্তরা ফরম সংগ্রহ করছে। সরকারি বিধিমোতাবেক বয়সের গ্যাড়াকলে পড়ে ভর্তি হতে না পারার শঙ্কায় অখ্যাত ও মাঝারিমানের কলেজে ভর্তি হতে আপ্রাণ চেষ্টা চালাচ্ছে তারা। সাধারণ ছাত্রছাত্রীরা ঝুঁকছে মফস্বলের কলেজ ও বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোয়।

গতকাল ছিল চট্টগ্রাম কলেজে ফরম বিক্রির শেষ দিন। ফরম সংগ্রহের জন্য সকাল থেকে কলেজ প্রাঙ্গণে হুমড়ি খেয়ে পড়ে ছাত্রছাত্রীরা। দুপুর ১টায় ফরম বিক্রির শেষ সময় অব্দি ছাত্রছাত্রীদের ভিড় ছিল লক্ষণীয়। চট্টগ্রাম কলেজ সূত্র জানায়, গতকাল শেষদিন পর্যন্ত মোট বিজ্ঞান বিভাগে ২ হাজার ৩৫৭ ও মানবিক বিভাগে ১ হাজার ৩৬০টিসহ মোট ৩ হাজার ৭১৭টি ফরম বিক্রি হয়েছে। এ কলেজে আসন রয়েছে বিজ্ঞান বিভাগে ৪৫০ ও মানবিকে ৩০০টি। প্রাপ্ত ফরম বিক্রির পরিসংখ্যান অনুযায়ী বিজ্ঞান বিভাগে আসন সংখ্যার পাঁচ গুণেরও বেশি এবং মানবিকে চারগুণেরও বেশি ফরম বিক্রি হয়েছে। বৃহস্পতিবার পর্যন্ত মহসিন কলেজে ফরম বিতরণ করা হয়েছে বিজ্ঞান বিভাগে ২ হাজার ৪০০, ব্যবসায় শিক্ষা বিভাগে ২ হাজার ৩০০ ও মানবিক বিভাগে ১ হাজার ৪০০টিসহ মোট ৬ হাজার ১শ'টি। এখানে আসন সংখ্যা বিজ্ঞানে ৪৫০, মানবিকে ৪০০ এবং ব্যবসায় শিক্ষায় ৪৫০টি। বিজ্ঞান বিভাগে জিপিএ-৫, মানবিক বিভাগে ৩ দশমিক ২৫ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪ দশমিক ৫ জিপিএ প্রাপ্তরাই ফরম সংগ্রহ করতে পারছে। রোববার পর্যন্ত এ কলেজে ফরম বিতরণ চলবে। কমার্স কলেজে ফরম বিতরণ করা হয়েছে ১৯শ'টি। এখানে আসন রয়েছে ৬শ'টি। ৪ দশমিক ৫০ জিপিএ প্রাপ্তরাই এখান থেকে ফরম নিতে পারছে। ফরম বিতরণ চলবে মঙ্গলবার পর্যন্ত। শেষ সময় অবধি এ পরিসংখ্যান আরও বৃদ্ধি পাবে বলে কলেজ সূত্র জানায়।

মঙ্গলবার পর্যন্ত সরকারি সিটি কলেজে দিবা শাখায় ৪ দশমিক ৮৮, মানবিক বিভাগে ৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪ দশমিক ২৫ জিপিএ, নৈশ শাখায় ব্যবসায় শিক্ষা বিভাগে ৪ ও মানবিক বিভাগে ২ দশমিক ৫ জিপিএ; সরকারি মহিলা কলেজে বুধবার পর্যন্ত বিজ্ঞান বিভাগে ৩ দশমিক ৫ ও মানবিক বিভাগে ২ দশমিক ৫ জিপিএ এবং আগ্রাবাদ মহিলা কলেজে ৩১ জুলাই পর্যন্ত বিজ্ঞানে জিপিএ ৪, মানবিকে ২ দশমিক ৭৫ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৩ দশমিক ৭৫ জিপিএ প্রাপ্তরা ফরম